

পত্র নম্বর : সিবিঘে/সংস্থাপন/নিয়োগ-২০২১/০১

তারিখ: ১১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা হচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (ক্যান্টনমেন্ট সার্ভিস নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০১৯ (সংশোধিত) অনুযায়ী)	যেসব জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
০১	গাড়ী চালক (ভারী) (৯৭০০-২৩৪৯০/-) গ্রেড- ১৫	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পাস এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স (ভারী) সহ ড্রাইভার হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	যশোর, নড়াইল ও পটুয়াখালী
০২	অফিস সহায়ক (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।	যশোর, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, নড়াইল, মাগুরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, গোপালগঞ্জ, পিরোজপুর, নোয়াখালী, সিরাজগঞ্জ ও গাজীপুর।
০৩	নিরাপত্তা প্রহরী (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০৩	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৮ম শ্রেণি পাস পাস হতে হবে।	উল্লেখ্য, মুক্তিযোদ্ধা / প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
০৪	প্রাস্তাবর হেলপার (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৮ম শ্রেণি পাস এবং প্রাস্তাবর এর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
০৫	পরিচ্ছন্নতা কর্মী (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০৩	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৮ম শ্রেণি পাস পাস হতে হবে।	
০৬	আয়া (৮২৫০-২০০১০/-) গ্রেড- ২০	০২	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৮ম শ্রেণি পাস পাস হতে হবে।	

- ০১। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, যশোর ক্যান্টনমেন্ট বরাবরে আবেদনপত্র আগামী ২০/০১/২০২২ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে। খামের উপরের ডানপাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত / ত্রুটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। **Application form for govt. Job (www.mopa.gov.bd)** অথবা যশোর ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েব সাইট **www.jcb.gov.bd/** থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক (মোবাইল নম্বরসহ) নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে- (ক) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, যশোর সেনানিবাসের অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে নিয়োগ পরীক্ষার ফিস বাবদ ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (অফেন্ডযোগ্য) দাখিল করতে হবে (খ) সম্প্রতি তোলা ০৩ কপি পার্সপোট সাইজের কালার ছবি (গ) প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ডাকটিকিট যুক্ত (৯.৫ X ৪.৫ ইঞ্চি) পৃথক একটি খাম সংযুক্ত করতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে।
- ০৪। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতনি-নাতনির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। এ ছাড়া সরকার অনুমোদিত অন্যান্য কোটা (প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে)।
- ০৫। সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ০৬। নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় আবেদনকারীকে ডাকযোগে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি এ দপ্তরের ওয়েব সাইট **www.jcb.gov.bd** থেকে জানা যাবে।
- ০৭। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধি / বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ০৮। নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ ভাতা প্রদান করা হবে না।

(মোঃ ফিরোজ শাহ)
(উপসচিব)

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
যশোর সেনানিবাস।

পত্র নং : সিবিঘে/সংস্থাপন/নিয়োগ-২০২১/০১/৪৪

তারিখ : ১১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ